বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল অফিসের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে **"ড্রাফটসম্যান কাম ক্যাড অপারেটর"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যান কাম ক্যাড বিষয়ে (Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদি) প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। অথবা এইচ.এস.সি পাশ সহ ভোকেশনাল ইন ড্রাফটিং-এ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ড্রাফটসম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে এবং তৎসহ Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদিতে দক্ষতা থাকিতে হইবে।

২। ৳: ৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে **"টেলিফোন অপারেটর"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে এবং টেলিফোন শিল্প সংস্থায় ট্রেনিংসহ কমপক্ষে এস.এস.সি পাশ হইতে হইবে। ***অথবা*** সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন এবং এস.এস.সি পাশ হইতে হইবে। প্রার্থীর অবশ্যই স্বাধীনভাবে পি.এ.বি.এক্স লাইন চালনায় যোগ্যতা থাকিতে হইবে। বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি পাশ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৩। ৳: ৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে **"এ.সি-কাম-জেনারেটর টেকনিশিয়ান"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি. ও এয়ারকন্ডিশন এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ট্রেড কোর্স/ ভোকেশনাল পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। অথবা এস.এস.সি. পাশ সহ এয়ারকন্ডিশন এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ট্রেড কোর্স/ ভোকেশনাল পরীক্ষায় পাশ হইলে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"সুপারভাইজার"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি পাশ এবং নির্মাণ কাজে সুপারভিশনে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel জানা প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৫। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"স্টোর সহকারী"** এর ১টি স্থায়ী এবং ১ টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ঃ প্রার্থীকে অবশ্যই স্টোরের কাজের অভিজ্ঞতাসহ এইচ.এস.সি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হইতে হইবে অথবা এস.এস.সি. পাশসহ স্টোরের কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার ব্যবহারে দক্ষ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৬। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"সহকারী এ.সি. টেকনিশিয়ান"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি. এবং এয়ারকন্ডিশন এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ট্রেড কোর্স/ ভোকেশনাল পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

৭। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"ইলেকট্রিশিয়ান"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশ এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী এবং ইলেকট্রিক্যাল ওয়ারিং-এ ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"সহকারী ইলেকট্রিশিয়ান"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশ এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী এবং ইলেকট্রিক্যাল ওয়ারিং-এ ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ৬ (ছয়) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

৯। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"লিফ্টম্যান"** এর ৪টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশ এবং ইলেকট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স-এ ট্রেড কোর্সসহ লিফ্ট অপারেটিং ও রক্ষণাবেক্ষণ কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। লিফ্ট সংক্রান্ত অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হইবে।

১০। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"প্লাম্বার"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি এবং প্লাম্বিং-এ ট্রেড কোর্স পাশ হইতে হইবে। খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে প্লাম্বার হিসাবে কমপক্ষে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

১১। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"রাজমিস্ত্রী"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. ভোকেশনাল ইন মেশন পাশ হইতে হইবে। *অথবা* প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষা পাশসহ কোন খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে রাজমিস্ত্রি হিসাবে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬(ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

১২। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"পাম্প ড্রাইভার"** এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষা পাশসহ কোন খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট লাইনে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৩। ৳: ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **"সহকারী পাম্প ড্রাইভার"** এর ৫টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে।

১৪। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **''মালী"** এর ৩টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বিঃদ্রঃ ক্রমিক নং ১ হইতে ১১ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২৮/০২/২০২১

<u>সকল পদের জন্য প্রযোজ্য</u> ঃ

বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌঁছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ১২ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং ১৩ ও ১৪ নং ক্রমিকের পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

(অধ্যাপক ডঃ মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অঃ দাঃ)
তারিখ ঃ ১০ ফেব্রুয়ারি ২০২১

নং সংস্থা/অ-৫/ রে-৩২৬৬(১০০)

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)ঃ

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ,ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ,ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, প্রকৌশল অফিস, বাঃ প্রঃ বিঃ,ঢাকা।
৪। পরিচালক, আইআইসিটি, বাঃ প্রঃ বিঃ,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস- সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
৬। পি.এস.টু. ভি.সি., বাঃপ্রঃবিঃ, ঢাকা- ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। পি.এস.টু.প্রো- ভি.সি., বাঃপ্রঃবিঃ, ঢাকা- প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।